NYC Public Schools
Melissa Aviles-Ramos
Chancellor

18 ডিসেম্বর, 2025

প্রিয় পরিবারবর্গ,

আমরা যখন 2025-এর শেষে পৌঁছেছি, তখন নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর অংশ হওয়ার এবং আপনাদের ছেলেমেয়েদের শিক্ষাদান ও বিকাশের জন্য আমাদের উপর আস্থা রাখায় আমি আপনাদের ধন্যবাদ জানাতে চাই। এটি এমন একটি দায়িত্ব যা আমরা অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে গ্রহণ করি—এবং এটি এমন দায়িত্ব যা আমরা শুধুমাত্র আপনাদের প্রত্যেকের সাথে অংশীদারিত্বে পালন করতে পারি।

এই বছর, আমরা আমাদের স্কুলগুলো জুড়ে ঔৎসুক্য এবং গভীরভাবে শেখার আগ্রহ জাগিয়ে তোলার জন্য একসাথে কাজ করেছি। NYC রিডস্ এবং NYC সলভ্স্ দিয়ে, আমরা সিটি জুড়ে শিক্ষার্থীদের উচ্চ-মানসম্পন্ন সাক্ষরতা (লিটারেসি) এবং গণিত (ম্যাথ)-এর শিক্ষা-নির্দেশনা লাভ করা নিশ্চিত করছি। আমাদের স্টুডেন্ট পাথওয়েজ-এর কাজ দিয়ে, আমরা শিক্ষার্থীদেরকে প্রযুক্তি (টেকনোলজি) এবং স্বাস্থ্যসেবা (হেলথকেয়ার)-এর মতো উচ্চ-চাহিদাসম্পন্ন ক্ষেত্রের জন্য প্রস্তুত করছি। এবং আমাদের NYCPS কেয়ার্স (Cares) উদ্যোগ দিয়ে, আমরা ছেলেমেয়ে *এবং* পরিবার উভয়কে সার্বিক সহায়তা প্রদান করছি।

যখন আমি প্রথম চ্যান্সেলর হয়েছি আমার তখনকার তিনটি মৌলিক অঙ্গীকারের সাথে এই কাজ সামঞ্জস্যপূর্ণ, গভীরভাবে শেখা এবং বিকাশের জন্য পরিবেশ সৃষ্টিকারী অঙ্গীকারগুলো হলো: 1) নিরাপত্তা নিশ্চিত করা ও সার্বিক সুস্থতার অগ্রগতিসাধনে সহায়তা করা, 2) সমন্বিত শিক্ষক সহায়তাসমূহ জোরদার করা, এবং 3) পরিবার ও কমিউনিটির ক্ষমতায়ন লালন করা। আমি আমাদের স্কুলের নেতা, শিক্ষাবিদ, এবং স্টাফদের প্রতি কৃতজ্ঞ যারা আমাদের স্কুল কমিউনিটিগুলোতে এসব অঙ্গীকার বাস্তবায়নের জন্য কঠোর পরিশ্রম করেছেন।

এর ফলে আমরা প্রকৃত অগ্রগতি দেখতে পেয়েছি। গত বসন্তে (স্প্রিংয়ে), রিডিং এবং ম্যাথ-এর দক্ষতা এক দশকের চেয়ে বেশি সময়ের মধ্যে সর্বোচ্চ স্তরে পৌঁছেছে। 2022 থেকে, শিক্ষার্থীরা ইন্টার্নশিপ এবং শিক্ষানবিশির মতো কর্ম-ভিত্তিক শিক্ষণ থেকে $30 মিলিয়নের বেশি আয় করেছে। এবং গত বছরের ভিতরে, প্রায় 3,800 জন পরিবারের স্বেচ্ছাসেবী ফ্যামিলি কানেক্টর (পরিবারের সাথে সংযোগকারী) হওয়ার জন্য সাইন আপ করেছেন, অন্যান্য পরিবারকে রিসোর্সসমূহ ও সহায়তা পেতে সাহায্য করছেন। আমাদের অগ্রগতির একটি পূর্ণ সারসংকলনের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন: schools.nyc.gov/NYCPSProgress।

চ্যান্সেলর হিসেবে এবং নিজে একজন নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ পিতামাতা হিসেবে, আমি আপনাদেরকে আপনাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই, এবং আমি আপনাদের জন্য একটি আনন্দপূর্ণ ছুটির মৌসুম কামনা করি। আমরা যখন নতুন বছরের দিকে দৃষ্টি দিচ্ছি, তখন আমি নিশ্চিত আমাদের ছোট ছেলেমেয়েরা বিকশিত হওয়া এবং সমৃদ্ধি লাভ করা অব্যাহত রাখবে।

কৃতজ্ঞতার সাথে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)
চ্যান্সেলর

T 39480 EOY Letter (Bangla)